



রাণীনগর (নওগাঁ) : উপজেলার সায়েম উদ্দীন মেমোরিয়াল একাডেমিতে পিইসি পরীক্ষা দিচ্ছে দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষার্থী

ইত্তেফাক

নওগাঁয় প্রাথমিক সমাপনী পরীক্ষায় অংশ নিচ্ছে ৭ দৃষ্টি প্রতিবন্ধী

■ রাণীনগর (নওগাঁ) সংবাদদাতা

বেসরকারি সংস্থা ব্র্যাকের আর্থিক ও কারিগরি সহযোগিতায় নওগাঁর সাত দৃষ্টি প্রতিবন্ধী এবার প্রাথমিক সমাপনী পরীক্ষায় অংশগ্রহণ করছে। নওগাঁর রাণীনগরের চন্ডিপুর গ্রামের আকাশ ও শহিদুল ইসলাম, দুবলহাটির মুনিরা, পাহাড়পুরের বজ্ররপুর গ্রামের হাসি, সাতাহারের আব্দুল দুর্গাপুর গ্রামের রহিমা ও উথরাইল গ্রামের জয় ও জিসান ব্র্যাক স্কুলে ব্রেইল পদ্ধতিতে পড়াশুনা শেষে এ বছর সমাপনী পরীক্ষা দিচ্ছে।

উথরাইল গ্রামের শিক্ষিকা তাছমেরী খানম তাঁর স্কুলের ছাত্র জয় ও জিসান সম্পর্কে বলেন, এরা অত্যন্ত মেধাবী। তারা যে কোনো বিষয় খুব সহজে আয়ত্ত করতে পারে। এবারের পিইসি পরীক্ষায় এরা ভালো ফল করবে এবং সমাজকে দেখিয়ে দেবে যে তারা সমাজের বোঝা নয়। ব্র্যাকের এই কার্যক্রমের সেটর স্পেশালিস্ট মিক্ট আনী বলেন, দৃষ্টি প্রতিবন্ধী আর দশজন স্বাভাবিক শিশুর মতো এদের বেড়ে উঠার সুযোগ সৃষ্টির জন্য ব্র্যাক এই ব্যয়বহুল শিক্ষা প্রকল্প চালু করেছে। প্রাথমিক পর্যায় শেষে এই সাত দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষার্থীদের প্রচলিত শিক্ষা ব্যবস্থায় ব্রেইল পদ্ধতির মাধ্যমেই উচ্চ শিক্ষা গ্রহণে সার্বিক সহযোগিতা ব্র্যাক অব্যাহত রাখবে। প্রকল্পের সেটর ম্যানেজার লিনিয়া দেওয়ান বলেন, আমরা যেখানেই দৃষ্টি প্রতিবন্ধীদের সন্ধান পাই সেখানেই ছুটে গিয়ে সেই পরিবারকে বুঝিয়ে ও সার্বিক সহযোগিতা প্রদান করে তাদের প্রতিবন্ধী সন্তানকে আমাদের স্কুলে ভর্তি করে ব্রেইল পদ্ধতির মাধ্যমে শিক্ষা প্রদান করে আসছি।